



## প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি (সম্পূর্ণ বিনামূল্যে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নায়ী Skills for Employment Investment Program (SEIP) Tranche-3 এর আওতায় বাংলাদেশ উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (বিডব্লিউসিসিআই) এর তত্ত্বাবধানে এবং বিজিআইএফটি (BGIFT) এর মাধ্যমে অগ্রহী নারীদের উদ্যোক্তা তৈরী ও উন্নয়নের লক্ষ্যে ৩ মাস মেয়াদী (৬০ কর্ম দিবস) ফ্যাশন ডিজাইন, প্রোডাক্ট ডেভেলপমেন্ট এন্ড এন্টারপ্রেনারসিপ ডেভেলপমেন্ট এবং আইটি ফ্রিল্যান্সিং এন্ড এন্টারপ্রেনারসিপ ডেভেলপমেন্ট প্রশিক্ষণ কোর্সে (অনাবাসিক) সম্পূর্ণ বিনামূল্যে ভর্তি চলছে। অগ্রহী ও উপযুক্ত নারী প্রার্থীদেরকে নিম্নোল্লিখিত প্রশিক্ষণ কেন্দ্র থেকে নির্ধারিত আবেদন ফর্ম সংগ্রহ করে আগামী ১৩ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে আবেদন করতে হবে।

### প্রশিক্ষণার্থী বাছাইয়ের জন্য সাক্ষাতকারের তারিখ, সময় ও স্থান:

- ফ্যাশন ডিজাইন, প্রোডাক্ট ডেভেলপমেন্ট এন্ড এন্টারপ্রেনারসিপ ডেভেলপমেন্ট প্রশিক্ষণ: ১৪ সেপ্টেম্বর ২০২১, সকাল ৯:০০ ঘটিকা
  - আইটি ফ্রিল্যান্সিং এন্ড এন্টারপ্রেনারসিপ ডেভেলপমেন্ট প্রশিক্ষণ: ১৫ সেপ্টেম্বর ২০২১, সকাল ৯:০০ ঘটিকা
- বিজিআইএফটি (BGIFT) ১৯শে টাওয়ার, চান্দনা চৌরাস্তা, গাজীপুর সদর, গাজীপুর।

### প্রশিক্ষণের মেয়াদ:

১ম ব্যাচ: ১৬/০৯/২০২১ থেকে ০৯/১২/২০২১ পর্যন্ত

বিজিআইএফটি (BGIFT) ১৯শে টাওয়ার, চান্দনা চৌরাস্তা, গাজীপুর সদর, গাজীপুর।

### সুবিধাসমূহ:

- ❖ প্রশিক্ষণ কোর্সসম্পূর্ণ বিনামূল্যে;
- ❖ প্রশিক্ষণার্থীদের কম পক্ষে ৮০% উপস্থিতি থাকতে হবে;
- ❖ প্রশিক্ষণার্থীদের সফলভাবে প্রশিক্ষণ শেষে এককালীন দৈনিক যাতায়াত বাবদ ১০০টাকা এবং টিফিন বাবদ ৫০ টাকা প্রদান করা হবে;
- ❖ প্রশিক্ষণ শেষে কৃতকার্য প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করা হবে;
- ❖ কৃতকার্য প্রশিক্ষণার্থীদের ব্যবসা উন্নয়ন বা কর্মসংস্থানে সহায়তা করা হবে;
- ❖ কৃতকার্য প্রশিক্ষণার্থীদের ব্যবসা উন্নয়ন ও প্রসারে ব্যাংক ঋণ প্রাপ্তিতে সহযোগিতা করা হবে।

ক্রাশ শুরু: সকাল ১০টা থেকে দুপুর ২টা  
(৪ ঘণ্টা প্রতিদিন), সাতাহে ৫দিন

### শর্তসমূহ:

- সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৪৫ বছর এর নারী;
- ফ্যাশনডিজাইন, প্রোডাক্ট ডেভেলপমেন্ট এন্ড এন্টারপ্রেনারসিপ ডেভেলপমেন্ট প্রশিক্ষণ কোর্সে কমপক্ষে এস.এস.সি পাশ এবং আইটিফ্রিল্যান্সিং এন্ড এন্টারপ্রেনারসিপ ডেভেলপমেন্ট প্রশিক্ষণ কোর্সে কমপক্ষে এইচএসসি পাশ হতে হবে;
- আবেদন ফর্মে যোগাযোগের জন্য প্রথম যে মোবাইল নম্বর দেয়া হবে সেটি অবশ্যই নিজের ন্যাশনাল আইডি দিয়ে নিজের নামে রেজিস্ট্রিকৃত হতে হবে
- প্রশিক্ষণ শেষে যারা সংশ্লিষ্ট ব্যবসা করতে অগ্রহী এবং প্রতিশ্রুতিবদ্ধ শুধুমাত্র তাদের কাছ থেকেই আবেদন আহ্বান করা হচ্ছে;
- একজন প্রার্থী একটি প্রশিক্ষণ কোর্সের জন্য আবেদন করতে পারবেন (SEIP এর প্রশিক্ষণ যিনি পূর্বে যে কোন ইনস্টিটিউট থেকে যে কোন বিষয়ের ওপর যদি নিয়ে থাকেন তিনি এই প্রশিক্ষণ কোর্সের জন্য বিবেচিত হবেন না);
- নিষ্ঠার সাথে প্রশিক্ষণ নিতে ও সম্পন্ন করতে প্রশিক্ষণে ১০০% উপস্থিতি থাকার অগ্রহী হতে হবে;
- শুধুমাত্র বাছাইয়ের মাধ্যমে মেউন্টনীয় আবেদনকারীদের নির্দিষ্ট আসন সংখ্যা অনুযায়ী ভর্তি নিশ্চিত করা হবে;
- প্রশিক্ষণসমূহ ২০২১ সালের সেপ্টেম্বর থেকে শুরু হয়ে পর্যায়ক্রমে চলছে এবং নির্দিষ্ট আসন সংখ্যা/লক্ষ্য মাত্রা বিবেচনায় কোর্স সমূহ আয়োজিত হবে;
- সংখ্যালঘু/ ক্ষুদ্র নৃগোষ্ঠী/ প্রতিবন্ধী/বিধবা নারীদের অগ্রাধিকারের সাথে বিবেচনা করা হবে;
- যেহেতু প্রশিক্ষণ কোর্সগুলো অনাবাসিক, সেহেতু যারা নিয়মিত এবং সময়মত অর্থাৎ পুরো মেয়াদে প্রশিক্ষণ কোর্সে উপস্থিত থাকতে পারবেন, শুধুমাত্র তাদের কাছ থেকেই আবেদন আহ্বান করা হচ্ছে;
- প্রশিক্ষণের জন্য প্রার্থী বাছাই, কোর্সে অংশ গ্রহণের সময়সূচি নির্ধারণ ও অন্যান্য সম্পর্কিত সকল বিষয়ের অধিকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

### আবেদন ফর্ম এর সাথে প্রয়োজনীয় কাগজপত্র:

- সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি;
- জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
- সকল শিক্ষাগত সনদপত্রের ফটোকপি (এসএসসি সনদ অবশ্যই দাখিল করতে হবে)

### আবেদন ফর্ম সংগ্রহ ও জমাদানের স্থান:

বিজিআইএফটি (BGIFT) ১৯শে টাওয়ার, চান্দনা চৌরাস্তা, গাজীপুর সদর, গাজীপুর।

ফোন: ০১৯০৭১৬০৮৯১, ০১৯০৮৯১১৯১, ০১৯২২০৬৫১১১, ইমেইল: [projectbist@gmail.com](mailto:projectbist@gmail.com)